

# যুগান্তর

## সদরপুরে স্কুলের পরিত্যক্ত ভবন ধসে ৭ শিক্ষার্থী আহত

প্রকাশ : ১১ মার্চ ২০১৮, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



ফরিদপুর ব্যুরো

ফরিদপুরের সদরপুরে শনিবার দুপুরে একটি প্রাথমিক বিদ্যালয়ের পরিত্যক্ত ভবন ধসে ৭ শিক্ষার্থী আহত হয়েছে। এদের মধ্যে একজনের অবস্থা আশঙ্কাজনক। খবর পেয়ে ফরিদপুর ও ভাঙ্গা ফায়ার সার্ভিসের ৫টি ইউনিট ঘটনাস্থলে গিয়ে উদ্ধার কাজে অংশ নেয়। আহত দুই শিক্ষার্থীকে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে। স্থানীয়রা জানান, সদরপুরের লোহারটেক প্রাথমিক বিদ্যালয়ের একটি পরিত্যক্ত ভবন শনিবার বেলা দেড়টার দিকে পুরোপুরি ধসে পড়ে। স্কুলের টিফিন চলাকালীন বেশ কয়েকজন শিক্ষার্থী ধসে পড়া ভবনটির নিচে বসেছিল। ভবন ধসে পড়ার সময় কয়েকজন শিক্ষার্থী বেড়িয়ে আসতে পারলেও ভবনটির নিচে চাপা পড়ে পঞ্চম শ্রেণীর দুই শিক্ষার্থী। এ সময় স্কুলের শিক্ষার্থী ও শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। ভবন ধসের খবর পেয়ে সেখানেছুটে যান আওয়ামী লীগের প্রেসিডিয়াম সদস্য কাজী জাফরউল্লাহ, উপজেলা নির্বাহী অফিসার পুরবী গোলদারসহ প্রশাসনের কর্তাব্যক্তির।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৮৪১৯২১১-৫, রিপোর্টিং : ৮৪১৯২২৮, বিজ্ঞাপন : ৮৪১৯২১৬, ফ্যাক্স : ৮৪১৯২১৭, সার্কুলেশন : ৮৪১৯২২৯। ফ্যাক্স : ৮৪১৯২১৮, ৮৪১৯২১৯, ৮৪১৯২২০

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৮ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।